কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

## কৃষি বিপণন অধিদপ্তরের নভেম্বর, ২০২১ মাসের সমন্বয় সভার কার্যপত্রঃ

আলোচ্যসূচি-১ : ৩১ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

৩১ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী ০৪ নভেম্বর, ২০২১ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনের জন্য লিখিত কোনো প্রস্তাব পাওয়া যায় নি।

আলোচ্যসূচি-২ : ৩১ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১ | **বাজার সংযোগ শাখা (বাজারদর পর্যালোচনা):** | | |
| | ১: ক) চাল, ভোজ্যতেল, আটা, চিনি, কাঁচা মরিচ ও আদাসহ বাজারে আলোচিত অন্যান্য কৃষিপণ্যের মূল্য বৃদ্ধির প্রকৃত কারণ ও করণীয় নির্ধারণে ১৫ দিন অন্তর প্রতিটি জেলা অফিস বিভাগীয় অফিসে তথ্য প্রদান করবে এবং বিভাগীয় অফিস সংকলন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। আগামী সমন্বয় সভায় একটি সংক্ষিপ্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | (ক) ধানের সরবরাহ কম থাকায় ধানের মূল্য বৃদ্ধি পাওয়াতে চাউল এর মূল্যও কিছুটা বৃদ্ধি পেয়েছে। তবে বর্তমানে পেঁয়াজ ও কাঁচা মরিচের দাম কিছুটা হ্রাস পেয়েছে। বাণিজ্য মন্ত্রণালয় থেকে চিনির মূল্য কেজি প্রতি ৭৪.০০ টাকা নির্ধারণ করে দেয়া হয়েছে। পণ্যের মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে জেলা প্রশাসনের সহায়তায় জেলা কার্যালয়সমূহকে বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করার নির্দেশ প্রদান করা হয়েছে। সদর দপ্তর ও বিভাগীয় অফিস থেকে জেলা অফিসসমূহকে কৃষিপণ্যের মূল্য বৃদ্ধির প্রকৃত কারণ ও করণীয় নির্ধারণে নির্দেশনাও প্রদান করা হয়েছে। |
| | খ) প্রতিটি জেলা ও ঢাকার প্রধান প্রধান বাজারে কোন্ কোন্ পণ্য যৌক্তিক মূল্যে বা যৌক্তিক মূল্যের চেয়ে কম/বেশি দামে বিক্রি হচ্ছে সে সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)। এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | (খ) এ বিষয়ে প্রতিবেদন তৈরী করা হয়েছে। পরিশিষ্ট "ক" |
| | গ) প্রকল্প ও জেলা পর্যায়ে যে সব FMG গ্রুপ গঠন করা হয়েছে সে সব গ্রুপকে কিভাবে কাজে লাগানো যায় সে বিষয়ে কর্মপরিকল্পনা তৈরী করতে হবে। | উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | গ) FMG গ্রুপকে কিভাবে কাজে লাগানো যায় সে বিষয়ে সকল বিভাগ ইতোমধ্যে কর্মপরিকল্পনা তৈরি করেছে। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | ঘ) বিভাগ ভিত্তিক পণ্য মূল্যের ব্যবধান কমাতে হবে। বাজারদর সংগ্রহকারীগণকে বাজারদর প্রদানের বিষয়ে বিশেষ সতর্ক থাকতে হবে এবং বিভাগ ভিত্তিক পণ্য মূল্যের ব্যবধান ১০% এর নিচে থাকতে হবে। | উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)। এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | (ঘ) এ বিষয়ে বাজার তথ্য সংগ্রহকারীদেরকে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কার্যক্রম চলমান আছে। |
| **২.২** | **গবেষণা শাখাঃ** | | |
| | (ক) বর্তমানে বাজারে বিদ্যমান বিভিন্ন সবজি, মশলা বা অন্যান্য কৃষিপণ্যের উৎপাদন খরচ ও কৃষকপ্রাপ্ত বাজারদরের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত করে বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। প্রাপ্ত তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) ঘাটতি জেলাসমূহে কোন জেলা হতে কোন কোন কৃষিপণ্য আসছে তার বিস্তারিত প্রতিবেদন (পণ্যের নাম, পরিমাণ, পাইকার ও আড়তদারের নাম এবং মোবাইল নম্বরসহ) মহাপরিচালক বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>গ) যে সব জেলায় আলুর হিমাগার রয়েছে সে সব জেলার হিমাগারের তালিকা (নাম, ঠিকানা, ধারণ ক্ষমতা ইত্যাদিসহ) প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়ের গবেষণা শাখা হতে প্রেরিত ফর্মে জানুয়ারি/২০২১ মাস থেকে আলুর (বীজ ও খাবার আলু আলাদা আলাদা) মজুদ সংক্রান্ত বিস্তারিত হালনাগাদ তথ্য/প্রতিবেদন উপজেলা কৃষি কর্মকর্তা/ উপপরিচালক কৃষি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এবং মাঠ ও বাজার পরিদর্শক/বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীর স্বাক্ষরসহ মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। প্রতিমাসে সমন্বয় সভায় সঠিক ও হালনাগাদ তথ্যসহ প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (গবেষণা)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/ জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল)<br><br>উপপরিচালক (গবেষণা)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/ জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা(সকল)<br><br>উপপরিচালক (গবেষণা)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/ জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | (ক) নিয়মিতভাবেই মৌসুম ভিত্তিক বিভিন্ন সব্জি, মসলা ও অন্যান্য কৃষিপণ্যের উৎপাদন খরচ নির্ণয় করা হচ্ছে।<br><br>খ) এ বিষয়ে প্রতিবেদন সভায় উপস্থাপন করা হবে।<br><br>গ) বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হিমাগারে আলু সংরক্ষণের তথ্য/২০২১ প্রস্তুত করে মহাপরিচালক ডিএএম বরাবর এবং সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয় বরাবর ০৫/১০/২০২১ তারিখে ১৩ সংখ্যক স্মারকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। |
| **২.৩** | **নীতি ও পরিকল্পনা শাখাঃ** | | |
| | ক) মন্ত্রণালয়ে প্রেরিত ডিপিপি/পিপিএনবি এর বিষয়ে মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। চরাঞ্চলে উৎপাদিত মিষ্টি কুমড়ার সংরক্ষণ, | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা/ বিভাগীয় উপপরিচালক, | ক) ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরিত ৮(আট)টি কর্মসূচির মধ্যে ৩(তিন)টি কর্মসূচির সুপারিশ করে অর্থ |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ বিষয়ে দ্রুত ডিপিপি প্রণয়ন করতে হবে। | রংপুর। | মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। চরাঞ্চলে উৎপাদিত মিষ্টি কুমড়ার সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ ব্যবস্থার উন্নয়নে প্রকল্প তৈরির কাজ চলমান আছে। |
| | খ) বিভিন্ন জেলার পণ্যভিত্তিক বিপণন ব্যবস্থা উন্নয়নে কর্মসূচি/প্রকল্প গ্রহণ করতে হবে। ইতোমধ্যে ৬ (ছয়)টি বিভাগ থেকে কর্মসূচী প্রস্তাব পাওয়া গিয়েছে, যা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ২(দুই)টি বিভাগের (রাজশাহী ও ময়মনসিংহ) প্রকল্প/কর্মসূচী প্রস্তাব দ্রুত পাঠাতে হবে। প্রাপ্ত ৬ (ছয়)টি কর্মসূচী বিষয়ে সভাকে অবহিত করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা/ বিভাগীয় উপপরিচালক (সকল)/এসএএমও/এএমও / মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | (খ) রাজশাহী ও ময়মনসিংহ বিভাগ হতে কর্মসূচি প্রণয়নের কাজ চলমান আছে। |
| | গ) কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের আওতায় নির্মিতব্য জেলা অফিস ছাড়া অবশিষ্ট জেলা অফিস ভবন নির্মাণের জন্য প্রকল্পের ডিপিপি প্রণয়নের জন্য ২০ শতক করে জমি অধিগ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা কার্যালয় থেকে জেলা প্রশাসক কার্যালয় এর মাধ্যমে জমি অধিগ্রহণের পূর্ব সম্মতি গ্রহণপূর্বক প্রধান কার্যালয়ে যথাশীঘ্র প্রতিবেদন প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | গ) কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের আওতায় নির্মিতব্য জেলা অফিস ছাড়া অবশিষ্ট জেলা অফিস ভবন নির্মাণের জন্য জেলা অফিস হতে জমির তথ্য চেয়ে জেলা প্রশাসক অফিসে পত্র দেয়া হয়েছে। জেলা প্রশাসক অফিসের মাধ্যমে জমির তথ্য প্রেরণ করার কাজ চলমান আছে। এ বিষয়ে উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) বিস্তারিত সভাকে অবহিত করতে পারেন। |
| | ঘ) BADC, DAE, BARI, BRRI ইত্যাদির অব্যবহৃত সরকারী জমি প্রাপ্তি বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা/ বিভাগীয় উপপরিচালক (সকল)/এসএএমও/এএমও / মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | ঘ) এ বিষয়ে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) বরাবর ২৩/১১/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | ঙ) উদ্যোক্তা উন্নয়ন প্রকল্পের জন্য DPP তৈরি করতে হবে। | সহকারী পরিচালক (নীতি ও পরিকল্পনা) | ঙ) DPP প্রণয়নের কাজ চলমান আছে। |
| | চ) বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের মোটর সাইকেল ও গাড়ী জমা প্রদান বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/উপপরিচালক (নীতি ও পরিকল্পনা | চ) প্রকল্পটি জুন, ২০২২ সনে সমাপ্ত হবে। এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করা হচ্ছে। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.৪ | **আরইটিসি শাখাঃ** | | |
| | (ক) অনলাইনে আপলোডকৃত বিরাজমান ৬৪ (চৌষট্টি) টি জেলার লাইসেন্সের তালিকা স্ব-স্ব জেলায় প্রেরণ করতে হবে। এ বিষয়ে অবশিষ্ট কাজ আগামী ১০ দিনের মধ্যে শেষ করতে হবে। | সহকারী পরিচালক (আইসিটি)/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | ক) প্রতিটি জেলার লাইসেন্সের তালিকা পৃথকীকরণের কাজ চলমান আছে। |
| | খ) প্রধান কার্যালয় হতে প্রেরিত ছক অনুযায়ী লাইসেন্সের রেজিষ্টার সংরক্ষণ ও হালনাগাদ রাখতে হবে। প্রস্তুতকৃত ছক অনুযায়ী লাইসেন্স তালিকার রেজিষ্টার সংরক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালকগণ মনিটরিং করবেন। এছাড়া লাইসেন্স হালনাগাদ/বাড়ানোর জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপপরিচালক (আরইটিসি)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | খ) প্রধান কার্যালয় হতে প্রেরিত ছক অনুযায়ী লাইসেন্সের রেজিষ্টার সংরক্ষণ ও হালনাগাদ করা হচ্ছে। লাইসেন্সের রেজিষ্টার মেইনটেইনের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। এছাড়া লাইসেন্স সংখ্যা বাড়ানোর জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। |
| | গ) জেলার বিদ্যমান প্রজ্ঞাপিত বাজার ছাড়াও প্রজ্ঞাপিত ঘোষণা করার উপযোগী নতুন নতুন বাজারের প্রস্তাব প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। জেলাসমূহে নতুন করে প্রজ্ঞাপিত করার উপযোগী বাজার থাকলে জেলা কর্মকর্তা কর্তৃক উক্ত বাজারসমূহের প্রস্তাব কৃষি বিপণন বিধিমালা, ২০২১ এর বিধি ৩। এর উপবিধি (১) ও (২) অনুযায়ী সুপারিশসহ সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক বরাবর প্রস্তাব প্রেরণ করবেন এবং বিভাগীয় উপপরিচালক উক্ত প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক সুপারিশসহ মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। | উপপরিচালক (আরইটিসি)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক/বাজার কর্মকর্তা/বাজারঅনুসন্ধান কারী/জেলা অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল) | গ) জেলার বিদ্যমান প্রজ্ঞাপিত বাজার ছাড়াও প্রজ্ঞাপিত ঘোষণা করার উপযোগী নতুন নতুন বাজারের প্রস্তাব কৃষি বিপণন বিধিমালা, ২০২১ মোতাবেক প্রেরণের জন্য জেলা কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করা হয়েছে। প্রস্তাব পেলেই মহাপরিচালক বরাবর প্রেরণ করা হবে। উল্লেখ্য, ইতোমধ্যে ২৮টি বাজার প্রজ্ঞাপিত হিসেবে ঘোষণার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| | (ঘ) লাইসেন্সের জন্য বাজার ভিত্তিক আলাদা আলাদা বই ব্যবহার না করে একটি বই ব্যবহার করতে হবে এবং শেষ হলে অপর বই ব্যবহার করতে হবে। | উপপরিচালক (আরইটিসি)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | ঘ) লাইসেন্সের জন্য বাজার ভিত্তিক আলাদা আলাদা বই ব্যবহার না করে একটি বই ব্যবহার করতে বলা হয়েছে এবং শেষ হলে অপর বই ব্যবহার করার নির্দেশ দেয়া হয়েছে। |
| | (ঙ) NCDP মার্কেট ও পাইকারী বাজার মার্কেটের Lease/ভাড়া কেন কম, তার কারণ চিহ্নিত করে ভাড়া বৃদ্ধির উদ্যোগ নিতে হবে এবং এ বিষয়ে প্রতিবেদন দিতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | ঙ) বিগত সেপ্টেম্বর/২০২১ মাসে NCDP মার্কেটসমূহের Lease/ভাড়া ইত্যাদির বিষয়ে কয়েকজন কর্মকর্তাকে মার্কেটসমূহ সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রণয়নের নির্দেশনার প্রেক্ষিতে কর্মকর্তাগণ মার্কেটসমূহ ভ্রমণ করেছেন এবং প্রতিবেদন দাখিল প্রক্রিয়াধীন রয়েছে। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.৫ | **রপ্তানী উন্নয়ন শাখাঃ** | | |
| | ক) APA চুক্তি অনুযায়ী কমপক্ষে ২(দুই)টি দেশে কৃষিপণ্য রপ্তানী করতে হবে। | পরিচালক(গবেষণা)/ উপপরিচালক (রপ্তানী উন্নয়ন)/ /বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | ক) অস্ট্রেলিয়া ও জার্মানীতে আগামী আম মৌসুমে আম রপ্তানীর পরিকল্পনা রয়েছে। সে মোতাবেক অস্ট্রেলিয়াতে আম পাঠানোর জন্য উক্ত দেশের চাহিদাসমূহ সংগ্রহ করা হয়েছে। |
| | খ) প্রতি জেলার রপ্তানীকারকের তালিকা প্রস্তুত করতে হবে। তাদের মোবাইল নম্বর ও অন্যান্য ব্যবসায়িক তথ্য সংগ্রহ করতে হবে এবং সভা ও আলোচনা বিষয়ক প্রমাণক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে রপ্তানীকারকদের তালিকা প্রেরণ করতে হবে। | উপপরিচালক (রপ্তানী উন্নয়ন)/বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | খ) এ বিষয়ে উপপরিচালক (রপ্তানী উন্নয়ন) সভাকে অবহিত করতে পারেন। |
| | গ) কৃষি বিপণন অধিদপ্তরের স্থলবন্দর সংশ্লিষ্ট জেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ স্থলবন্দর কর্তৃপক্ষ, Agriculture Quarantine অফিস ইত্যাদি সংস্থার সাথে যোগাযোগ করে কৃষি পণ্যের Import Value, Transport Cost ও অন্যান্য ব্যয় যুক্ত করে আমদানীকৃত কৃষিপণ্যের মোট মূল্য নির্ণয় পূর্বক মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপপরিচালক (রপ্তানী উন্নয়ন)/বিভাগীয় উপপরিচালক (সকল)/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | গ) এ বিষয়ে জেলা/উপজেলা কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং প্রতিবেদন তৈরির কার্যক্রম চলমান আছে। |
| ২.৬ | **কৃষি ব্যবসা ও উন্নয়ন শাখাঃ** | | |
| | ক) প্রত্যেক জেলা কর্মকর্তা বছরে কমপক্ষে ১০ জন করে কৃষি উদ্যোক্তা সৃষ্টির জন্য এলাকা ভিত্তিক opportunities এর চেকলিস্ট তৈরি করবেন। এ পর্যন্ত কোন জেলা কতজন উদ্যোক্তা তৈরী করেছে তার তালিকা উপস্থাপন করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)। এসএএমও/সহকারী পরিচালক (কৃষি ব্যবসা ও উন্নয়ন)এডি/এএমও/ডিএম/ /ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | ক) ১০ জন করে কৃষি উদ্যোক্তা সৃষ্টির জন্য এলাকা ভিত্তিক opportunities এর চেকলিস্ট তৈরির জন্য জেলা পর্যায়ের কর্মকর্তাদের পত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া উদ্যোক্তা সৃষ্টির জন্য ঢাকা, রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ ব্যতীত অন্য ০৪ (চার)টি বিভাগে ০১টি করে মোট ০৪টি কর্মসূচি/প্রকল্প প্রণয়নের কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে উপপরিচালক (বাজার সংযোগ) ও অপর ০৪ বিভাগের বিভাগীয় উপপরিচালকগণ সভাকে অবহিত করতে পারেন। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | খ) প্রতিটি জেলায় কৃষি নিয়ে কাজ করে এমন NGO/চালকল মালিক/বড় কৃষি ব্যবসায়ী/কৃষি সংগঠন ইত্যাদির সাথে নিয়মিত সভা/আলোচনা করতে হবে। এ বিষয়ে BRDB ও PKSF এর সাথে সমন্বয় করে ছক আকারে বিভাগওয়ারী তথ্য মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/সহকারী পরিচালক (কৃষি ব্যবসা ও উন্নয়ন)/এডি/এএমও/ডিএম /ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) | খ) প্রতিটি জেলায় কৃষি নিয়ে কাজ করে এমন NGO/চালকল মালিক/ বড় কৃষি ব্যবসায়ী/কৃষি সংগঠন ইত্যাদির সাথে নিয়মিত সভা/আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, এ বিষয়ে খুলনা ও চট্টগ্রাম বিভাগের কিছু জেলায় সভা করা হয়েছে বলে জানা যায়। |
| ২.৭ | **গুদাম ব্যবস্থাপনা শাখাঃ** | | |
| | (ক) চলমান ৮১টি গুদামের আওতাভুক্ত কৃষকদের বোরো মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদেরকে অগ্রাধিকারের ভিত্তিতে ধান জমাকরণের জন্য উদ্বুদ্ধকরণ কার্যক্রমসহ গুদামে শস্য জমা বৃদ্ধিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)/আঞ্চলিক ব্যবস্থাপক/মাঠ কর্মকর্তা | (ক) এ বিষয়ে আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি বিপণন অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয় রংপুর/শেরপুর/মাগুরা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ৮১টি গুদামে বর্তমানে ৭১০ জন কৃষকের ২৬৯০ কুইন্টাল শস্য জমা হয়েছে। উল্লেখ্য, গত মাসের তুলনায় জমা বৃদ্ধি পেয়েছে। |
| | (খ) বাতিলকৃত অবশিষ্ট গুদামের সংরক্ষিত এফডিআর এবং চলমান যে সব গুদামের এফডিআর এখনও পাওয়া যায়নি সেগুলো অতিদ্রুত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক সমুদয় অর্থ আপদকালীন সহায়তা ফান্ডে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভা করতে হবে। | উপপরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)/আঞ্চলিক ব্যবস্থাপক/মাঠ কর্মকর্তা | (খ) এ বিষয়ে আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি বিপণন অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয় রংপুর/শেরপুর/মাগুরা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ইতোমধ্যে ১০টি গুদামের এফডিআর এর অর্থ (১১,৫৩,৬০৪/- টাকা) আপদকালীন সহায়তা ফান্ডে প্রেরণ করা হয়েছে। অন্যান্য গুদামের এফডিআর সংক্রান্ত সভা আহবান প্রক্রিয়াধীন রয়েছে। |
| | (গ) এলজিইডি হতে কৃষি বিপণন অধিদপ্তরে শস্য গুদামসমূহের মালিকানা হস্তান্তরসহ এলজিইডি এর নির্বাহী প্রকৌশলী এর নিকট থেকে মাঠ কর্মকর্তাগণ আগামী এক সপ্তাহের মধ্যে জমি বুঝে নিবে এবং এতদ্‌সংক্রান্ত কাজের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় জানাতে হবে। | উপপরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)/আঞ্চলিক ব্যবস্থাপক/মাঠ কর্মকর্তা | (গ) এ বিষয়ে এলজিইডি হতে কৃষি বিপণন অধিদপ্তরে শস্য গুদামসমূহের মালিকানা হস্তান্তরসহ এলজিইডি এর নির্বাহী প্রকৌশলী এর নিকট থেকে মাঠ কর্মকর্তাগণ আগামী এক সপ্তাহের মধ্যে জমি বুঝে নেয়ার বিষয়ে আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি বিপণন অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয় রংপুর/শেরপুর/মাগুরা বরাবর পত্র প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। |
| | ঘ) জোনাল ম্যানেজারগণকে (শেরপুর/রংপুর) তাদের জোনের অগ্রগতি আগামী সমন্বয় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)/আঞ্চলিক ব্যবস্থাপক(শেরপুর/ রংপুর) | (ঘ) এ বিষয়ে জোনাল ম্যানেজারগণকে (শেরপুর/রংপুর/মাগুরা) অবগত করা হয়েছে। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.৮ | **প্রশাসন শাখাঃ** | | |
| | (ক) পিএসসিতে প্রোগ্রামার (গ্রেড-৬) ০১টি, সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) ০২টি, পুষ্টি উন্নয়ন কর্মকর্তা (গ্রেড-৯) ০১টি, অডিট এন্ড বাজেট অফিসার (গ্রেড-১০) ০১টি, উপ-সহকারী প্রকৌশলী (হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্ক) (গ্রেড-১০) ০১টি ও লাইব্রেরীয়ান (গ্রেড-১০) ০১টিসহ মোট ০৭ (সাত) টি পদের অধিযাচন প্রেরণ করা হয়েছে কি না, হয়ে থাকলে কবে প্রেরণ করা হয়েছে এবং অগ্রগতি কি পর্যায়ে আছে তা জানাতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) | ক) এ বিষয়ে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করতে পারেন। |
| | খ) সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (গ্রেড-৯) এর ০২টি পদে পদোন্নতির অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) | খ) সহকারী পরিচালক (প্রশিক্ষণ) পদে পদোন্নতির প্রস্তাব কৃষি বিপণন অধিদপ্তরের ২৮/০১/২০২১ তারিখের ১২৭ সংখ্যক স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং কৃষি মন্ত্রণালয়ের ২২/০২/২০২১ তারিখের ১৪৮ সংখ্যক স্মারকে উক্ত প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অতঃপর কৃষি মন্ত্রণালয়ের ৩০/০৭/২০২১ তারিখের ৩৯২ সংখ্যক স্মারকে পিএসসি কর্তৃক যে Query চাওয়া হয় তার জবাব কৃষি বিপণন অধিদপ্তর হতে গত ২৫/০৮/২০২১ খ্রি: এর ৭৬০ সংখ্যক স্মারকে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অতঃপর জবাবটি কৃষি মন্ত্রণালয় কর্তৃক পিএসসিতে প্রেরণ করা হয়েছে। |
| | গ) স্মলহোল্ডার এগ্রিকালচার কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) ও ফুল বিপণন প্রকল্পের ফ্যাসিলিটেটরদের বৎসরের অবশিষ্ট ৬(ছয়) মাস সময় কাজে লাগানোর জন্য সংশ্লিষ্ট জেলায় সংযুক্তি দিতে হবে এবং অধিদপ্তরের মূল কাজের সাথে সম্পৃক্ত করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন)/কম্পোনেন্ট পরিচালক, এসএসিপি প্রকল্প (বিপণন অংগ) | গ) ফ্যাসিলিটেটরদের অধিদপ্তরের মূল কাজের সাথে সম্পৃক্ত করা হচ্ছে। |
| | ঘ) প্রশাসন শাখা থেকে সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন মনিটরিং করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) | ঘ) সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সহকারী পরিচালক (প্রশাসন) নিয়মিত মনিটরিং কার্যক্রম চালাচ্ছেন। |
| | ঙ) কৃষি বিপণন অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসিয়াল ড্রেসকোড মেনে চলতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) | ঙ) কৃষি বিপণন অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসিয়াল ড্রেসকোড |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | | মেনে চলার বিষয়ে পত্র মারফত জানানো হয়েছে। |
| | চ) পদোন্নতিপ্রাপ্ত সহকারী কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী প্রশিক্ষণ কর্মকর্তাগণের মধ্যে কতজন যোগদান করেছেন এ বিষয়ে তথ্য প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) | চ) পদোন্নতিপ্রাপ্ত সহকারী কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী প্রশিক্ষণ কর্মকর্তাগণের মধ্যে কতজন যোগদান করেছেন এ বিষয়ে সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করা হবে। |
| | ছ) সরাসরি নিয়োগপ্রাপ্ত সহকারী কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী প্রশিক্ষণ কর্মকর্তাগণের মধ্যে কতজন এবং কোথায় যোগদান করেছেন এ বিষয়ে তথ্য প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) | ছ) সরাসরি নিয়োগপ্রাপ্ত সহকারী কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী প্রশিক্ষণ কর্মকর্তাগণের মধ্যে কতজন এবং কোথায় যোগদান করেছেন এ বিষয়ে সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করা হবে। |
| ২.৯ | **হিসাব শাখাঃ** | | |
| | ক) ময়মনসিংহ জেলা অফিসের অডিট আপত্তির জবাব প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক, ময়মনসিংহ। | ক) ময়মনসিংহ জেলা অফিসের অডিট আপত্তির জবাব পাওয়া গিয়েছে। যাহা বিবেচনার জন্য প্রক্রিয়াধীন আছে। |
| | খ) অডিট অধিদপ্তর কর্তৃক অডিট আপত্তির তালিকা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। প্রতিটি আপত্তির অগ্রগতির বিষয়ে জানাতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা, সদর দপ্তর, ঢাকা। | খ) অক্টোবর/২০২১ মাসের হিসাব অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তরে বর্তমানে মোট ৩২টি অডিট আপত্তি রয়েছে। ৩২টির ব্রডশীটে জবাব দেয়া হয়েছে। |
| | গ) অডিটের ব্রডশীট জবাব স্বাক্ষরসহ মন্ত্রণালয় থেকে হিসাবরক্ষণ কার্যালয়ে পাঠানো হয়েছে কিনা follow up করতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা, সদর দপ্তর, ঢাকা। | গ) এ বিষয়ে follow up করা হচ্ছে। |
| ২.১০ | **ICT শাখাঃ** | | |
| | ১: (ক) জেলা ও বিভাগীয় পর্যায় হতে কমপক্ষে ৫০% পত্র ই-ফাইলে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল) সহকারী পরিচালক (আইসিটি) এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | ক) জেলা ও বিভাগীয় পর্যায় হতে কমপক্ষে ৫০% পত্র ই-ফাইলে প্রেরণ কার্যক্রম অব্যাহত আছে। |
| | (খ) ই-ফাইলিং সফল করতে সকলকে উদ্বুদ্ধ করতে হবে। সকল জেলায় ই-ফাইলিং কার্যক্রম বাড়াতে হবে। কৃষি বিপণন অধিদপ্তর যেন কোনোভাবেই Ranking ১০ এর নীচে না নামে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | সহকারী পরিচালক (আইসিটি) | খ) এ বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | গ) ই-নথিতে রপ্তানী উন্নয়ন শাখা যোগ করতে হবে। | সহকারী পরিচালক (আইসিটি) | গ) কেন্দ্রীয়ভাবে নতুন অফিস সংযুক্ত বন্ধ থাকায় আপাততঃ ই-ফাইল যুক্ত করা সম্ভব হচ্ছে না। তবে এ বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে। |
| ২.১১ | **APA: কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিঃ** | | |
| | (ক) কৃষি বিপণন অধিদপ্তরের সকল বিভাগীয় এবং মাঠ পর্যায়ের কার্যালয় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসরণপূর্বক APA-এর যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে সদর দপ্তরকে অবহিত করবে। | APA ফোকাল পয়েন্ট/ শাখা প্রধান (সকল)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/ প্রকল্প/কর্মসূচি পরিচালক | ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসরণপূর্বক যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে নির্ধারিত তারিখে সদর দপ্তরে প্রেরণ করা হবে। |
| | খ) কৃষি বিপণন অধিদপ্তরের APA টীম বিভাগীয় উপপরিচালকগণের সাথে প্রতিমাসে সভা করবে। | APA টীম, প্রধান কার্যালয়। | খ) বিভাগীয় অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রেখে তথ্য সংগ্রহ করে প্রথম ত্রৈমাসিকের প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে APA টীম, প্রধান কার্যালয়, সভাকে অবহিত করতে পারেন। |
| | গ) SDG বিষয়ে workshop করতে হবে। | পরিচালক (গবেষণা)/APA ফোকাল পয়েন্ট | গ) এ বিষয়ে বিগত ১৫/১১/২০২১ তারিখে workshop সম্পন্ন হয়েছে। |
| ২.১২ | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিষ্পত্তিঃ | | |
| | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী সংশ্লিষ্ট শাখা কর্তৃক বাস্তবায়ন অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ক) এ বিষয়ে নৈতিকতা কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করবেন। |
| | (খ) বিভাগীয় কার্যালয়ে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ সদর দপ্তরে যথাসময়ে প্রেরণ করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিভাগীয় উপপরিচালক (সকল) | খ) বিভাগীয় কার্যালয়ে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ অব্যাহত আছে। |
| | (গ) ৬টি পিআইসি ও ২টি পিইসি সভার আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল)/ উপপরিচালক (পিপি) | গ) ৬টি পিআইসি সভার মধ্যে ৩টি সভা হয়েছে ও ২টি পিইসি সভা আয়োজনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | (ঘ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | পরিচালক (গবেষণা)/ফোকালপয়েন্ট, GRS বিষয়ক কর্মকর্তা | ঘ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার বিষয়ে আগামী মাসের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১৩ | **ইনোভেশনঃ** | | |
| | ক) ইনোভেশন সংক্রান্ত আগত আইডিয়াসমূহ বাছাইপূর্বক short list করে আইডিয়া ব্যাংক প্রস্তুত করতে হবে এবং তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। আইডিয়াসমূহ বাস্তবায়নের জন্য একটি Plan of action প্রস্তুত করে মহাপরিচালক বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে এবং বাছাইকৃত আইডিয়াসমুহ হতে গুরুত্বপূর্ণ কয়েকটি আইডিয়া আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (ইনোভেশন) | ক) আইডিয়াসমূহ যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত করা হয়েছে। আইডিয়াসমূহ বাস্তবায়নের জন্য Plan of action প্রণয়ন করা হয়েছে। |
| ২.১৪ | **তথ্য অধিকার আইনঃ** | | |
| | (ক) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) | (ক) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী তথ্য প্রদান করা হচ্ছে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ করা হচ্ছে। |
| ২.১৫ | **বিবিধঃ** | | |
| | ক) দেশের জেলা পর্যায়ে চালুকৃত কৃষকের বাজারে জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাগণ নজরদারী বাড়াবেন। | বিভাগীয় উপপরিচালক (সকল)/এসএএমও/এএমও /মাঠ ও বাজার পরিদর্শক (সকল) | ক) নিয়মিত নজরদারি করা হচ্ছে। |
| | খ) বিভাগীয় উপপরিচালকগণ প্রতিমাসে কমপক্ষে তিনটি জেলা অফিসের কার্যক্রম আবশ্যিকভাবে পরিদর্শন করবেন এবং প্রধান কার্যালয় হতে প্রস্তুতকৃত পরিদর্শন ছক (মন্তব্য কলামসহ) অনুসরণ করে এ সংক্রান্ত প্রমাণক (সুপারিশ/করণীয়/অবস্থার বর্ণনা ইত্যাদিসহ) মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। প্রাপ্ত তথ্যের আলোকে প্রত্যেক বিভাগের পরিদর্শন সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল) | খ) নির্দেশনা মোতাবেক অধীনস্ত জেলা অফিসসমূহ পরিদর্শন কার্যক্রম চলমান আছে এবং প্রমাণক প্রেরণ করা হচ্ছে। |
| | গ) বিপণন বার্তায় বিপণন সংক্রান্ত তথ্য ও ছবি সংযুক্ত করতে হবে। কৃষি বিপণন বার্তা ৩(তিন) মাস পর পর প্রকাশিত হবে। | পরিচালক (গবেষণা)/ বিভাগীয় উপপরিচালক (সকল) | (গ) কৃষি বিপণন বার্তা এর ২য় সংখ্যা ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। |
| | ঘ) প্রত্যেক জেলা ও উপজেলা অফিসের সকল তথ্য ও প্রতিবেদন বিভাগীয় অফিসের মাধ্যমে অত্র অধিদপ্তরের সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | ঘ) এ বিষয়ে জেলা অফিসসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | ঙ) যেসব জেলায় এফএমজি গ্রুপ আছে সেসব জেলার জেলা কর্মকর্তাগণ তার follow up রাখবেন। | বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডি এমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | ঙ) যেসব জেলায় এফএমজি গ্রুপ আছে সেসব জেলার জেলা কর্মকর্তাগণকে তার follow up রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। |

২৪/১১/২০২১

(ইকবাল হোসেন চাকলাদার (উপ-সচিব)
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১